

💵 হাদীস সম্ভার

হাদিস নাম্বারঃ ৩৮৫০
৩১/ হৃদয়-গলানো উপদেশ
পরিচ্ছেদঃ কিয়ামতের কতিপয় লক্ষণ

আরবী

وَعَنْ أَبِي هُرَيْرَةَ عَنِ النَّبِيِّ عَلَيْ قَالَ بَيْنَ النَّفْخَتَيْنِ أَرْبَعُونَ قَالُوا : يَا أَبَا هُرَيرَةَ أَرْبَعُونَ يَوْماً ؟ قَالَ : أَبَيْتُ قَالُوا : أَرْبَعُونَ شَهْراً ؟ قَالَ : أَبَيْتُ قَالُوا : أَرْبَعُونَ شَهْراً ؟ قَالَ : أَبَيْتُ وَيُمْ كُلُّ شَيْءٍ مِنَ الإِنْسَانِ إِلاَّ عَجْبَ الذَّنَبِ، فِيهِ يُرَكَّبُ الخَلْقُ ثُمَّ يُنَزِّلُ اللهُ مِنَ السَّمَاءِ مَاءً فَيَنْبُتُونَ كَمَا يَنْبُتُ البَقْلُ مَتفق عليه

বাংলা

(৩৮৫০) আবৃ হুরাইরা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন, (কিয়ামতের পূর্বে) শিঙ্গায় দু'বার ফুৎকার দেওয়ার মধ্যবর্তী ব্যবধান হবে চল্লিশ। লোকেরা জিজ্ঞাসা করল, 'হে আবৃ হুরাইরা! চল্লিশ দিন?' তিনি বললেন, 'উহুঁ।' তারা প্রশ্ন করল, 'তবে কি চল্লিশ বছর?' তিনি বললেন, 'উহুঁ।' তারা পুনরায় জিজ্ঞাসা করল, 'তাহলে কি চল্লিশ মাস?' তিনি বললেন, 'উহুঁ।' মেরুদণ্ডের নিম্নভাগের অস্থি ব্যতীত মানবদেহের সমস্ত হাড় পচে যাবে। তারপর উক্ত অস্থি থেকে মানুষকে পুনর্গঠিত করা হবে। অতঃপর আল্লাহ তাআলা আকাশ থেকে বৃষ্টি বর্ষণ করবেন, যার ফলে শাক-সবজি গজিয়ে উঠার মত মানুষ গজিয়ে উঠবে।

ফুটনোট

(বুখারী ৪৮১৪, ৪৯৩৫, মুসলিম ৭৬০৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ওয়াহীদিয়া ইসলামিয়া লাইব্রেরী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন